"মুজিববর্ষের আহবান
দক্ষ হয়ে বিদেশ যান"

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
কল্যাণ শাখা
www.probashi.gov.bd

নং-৪৯.০০.০০০০.০২৪.০০.০১৮.২০-৯৬৫ তারিখ: ০৮/০৯/২০২০ খ্রিঃ।

# বিজ্ঞপ্তি

এতদ্বারা বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (অনিবাসী বাংলাদেশি) নির্বাচন নীতিমালা, ২০১৮ অনুযায়ী নিম্নবর্ণিত তিনটি ক্যাটাগরিতে বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (অনিবাসী বাংলাদেশি), ২০২১ নির্বাচনের লক্ষ্যে আগ্রহী ও যোগ্যতা সম্পন্ন সকল অনিবাসী বাংলাদেশির নিকট হতে নিম্নোক্ত শর্তাধীনে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

| ক্র:/নং | ক্যাটাগরি | সংখ্যা | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|
| ১। | সিআইপি (এনআরবি) [বাংলাদেশে শিল্পক্ষেত্রে সরাসরি বিনিয়োগকারী] : | সর্বোচ্চ ০৫ জন | (ক) ২০১৯-২০২০ অর্থবছরে বাংলাদেশের শিল্পখাতে মূলধন হিসাবে ৩,০০,০০০ (তিন) লক্ষ মার্কিন ডলার সমপরিমাণ বা তদূর্ধ্ব পরিমাণ বৈদেশিক মুদ্রা সরাসরি বিনিয়োগ ;<br>(খ) শিল্প প্রতিষ্ঠানটি বাস্তবায়নাধীন হলে যন্ত্রপাতি আমদানির প্রমাণপত্র, যেমন-বিল অব লেডিং, বিল অব এন্ট্রি, লেটার অব ক্রেডিট ইত্যাদিতে উল্লিখিত পরিমাণ বৈদেশিক মুদ্রার লেনদেন। |
| ২। | সিআইপি (এনআরবি) [বাংলাদেশে বৈধ চ্যানেলে সর্বাধিক বৈদেশিক মুদ্রা প্রেরণকারী]: | সর্বোচ্চ ৭৫ জন | ২০১৯-২০২০ অর্থবছরে অপ্রত্যাবাসনযোগ্য ন্যূনতম ১,০০,০০০ (এক লক্ষ) মার্কিন ডলার সমপরিমাণ বৈদেশিক মুদ্রা ব্যাংকসহ অন্যান্য বৈধ চ্যানেলে বাংলাদেশে প্রেরণ। |
| ৩। | সিআইপি (এনআরবি) [বিদেশে বাংলাদেশি পণ্যের আমদানিকারক] : | সর্বোচ্চ ১০ জন | (ক) ২০১৯-২০২০ অর্থবছরে বাংলাদেশ হতে ন্যূনতম ৩,০০,০০০ (তিন লক্ষ) মার্কিন ডলার সমপরিমাণ বৈদেশিক মুদ্রার (Free on Board (FOB) বাংলাদেশি পণ্য আমদানিকরণ;<br>(খ) পিআরসি (Proceeds Realisation Certificate) এর মাধ্যমে আমদানির পরিমাণ; এবং<br>(গ) অধিক মূল্য সংযোজন সম্পন্ন পণ্য (Higher Value Added Product) ও পণ্য আমদানিকারককে অগ্রাধিকার প্রদান করা হবে। |

শর্তাবলীঃ

১। আগামী ১৫ সেপ্টেম্বর হতে ১৫ নভেম্বর, ২০২০ তারিখের মধ্যে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.probashi.gov.bd) এর মাধ্যমে (ক্যাটাগরি ভিত্তিক) অনলাইন-এ আবেদন করতে হবে। অথবা (ক্যাটাগরি ভিত্তিক) নির্ধারিত আবেদন ফরম পূরণপূর্বক প্রয়োজনীয় প্রমাণকসহ সরাসরি প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ে অথবা বিদেশে অবস্থিত সংশ্লিষ্ট বাংলাদেশ মিশনে দাখিল করতে হবে।

২। আবেদনপত্রের সাথে আবেদনকারীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের দুই কপি ছবি, TIN সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি (বিদেশে বাংলাদেশি পণ্যের আমদানিকারক ক্যাটাগরি ব্যতিত), পাসপোর্টের ফটোকপি, বিদেশে অবস্থানের প্রমাণক, বাংলাদেশের স্থায়ী ঠিকানা, বিদেশে অবস্থানের এবং কর্মস্থলের ঠিকানা, ই-মেইল ও মোবাইল নম্বর সংযুক্ত করতে হবে।

৩। অনুচ্ছেদ ২ এ চাহিত তথ্যাদি/কাগজপত্রাদিসহ আবেদনকারীকে প্রতিটি ক্যাটাগরিতে আবেদনের সাথে নিম্নোক্ত প্রয়োজনীয় সকল প্রমাণক দাখিল করতে হবে।

৯/১৮



ক) ক্যাটাগরি-১: সিআইপি (এনআরবি) [বাংলাদেশে শিল্পক্ষেত্রে সরাসরি বিনিয়োগকারী] :

১. ২০১৯- ২০ অর্থবছরে (জুলাই ২০১৯-জুন ২০২০) বাংলাদেশে শিল্পখাতে মূলধন হিসেবে ৩,০০,০০০ (তিন) লক্ষ মার্কিন ডলার সমপরিমাণ বা তদূর্ধ্ব পরিমাণ বৈদেশিক মুদ্রা বিনিয়োগের প্রমাণক;

২. উল্লিখিত পরিমাণ বৈদেশিক মুদ্রা লেনদেনের প্রমাণক হিসেবে সংশ্লিষ্ট দেশের এবং বাংলাদেশ ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের প্রত্যয়নপত্র;

৩. শিল্পপ্রতিষ্ঠানটি বাস্তবায়নাধীন হলে যন্ত্রপাতি প্রেরণে উল্লিখিত পরিমাণ বৈদেশিক মুদ্রা লেনদেনের প্রমাণক যেমন-বিল অব লেডিং, বিল অব এন্ট্রি, লেটার অব ক্রেডিট ইত্যাদির সত্যায়িত কপি।

খ) ক্যাটাগরি-২: সিআইপি (এনআরবি) [বাংলাদেশে বৈধ চ্যানেলে সর্বাধিক বৈদেশিক মুদ্রা প্রেরণকারী] :

২০১৯-২০ অর্থবছরে (জুলাই ২০১৯-জুন ২০২০) ব্যাংকসহ অন্যান্য বৈধ চ্যানেলে ন্যূনতম ১,০০,০০০ (এক লক্ষ) মার্কিন ডলার সমপরিমাণ বৈদেশিক মুদ্রা প্রেরণের প্রমাণক হিসেবে সংশ্লিষ্ট দেশের এবং বাংলাদেশের ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের প্রত্যয়নপত্র।

গ) ক্যাটাগরি-৩: সিআইপি (এনআরবি) [বিদেশে বাংলাদেশি পণ্যের আমদানিকারক] :

১. আমদানিকৃত পণ্যের বিবরণ উল্লেখসহ ২০১৯-২০ অর্থবছরে (জুলাই ২০১৯-জুন ২০২০) বাংলাদেশ হতে ন্যূনতম ৩,০০,০০০ (তিন) লক্ষ মার্কিন ডলার সমপরিমাণ বৈদেশিক মুদ্রা মূল্যমানের পণ্য আমদানির প্রমাণক;

২. যে প্রতিষ্ঠান/প্রতিষ্ঠানসমূহের অনুকূলে বাংলাদেশ হতে পণ্য আমদানি করা হয়েছে সে প্রতিষ্ঠান/প্রতিষ্ঠানসমূহের মালিকানা সংক্রান্ত কাগজপত্র এবং উক্ত প্রতিষ্ঠান/প্রতিষ্ঠানসমূহে আবেদনকারীর সম্পৃক্ততা;

৩. উল্লিখিত পরিমাণ বৈদেশিক মুদ্রা লেনদেনের প্রমাণক হিসেবে সংশ্লিষ্ট দেশের এবং বাংলাদেশের ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের প্রত্যয়নপত্র;

৪. সংশ্লিষ্ট অর্থবছরের কর প্রদানের (বর্তমানে অবস্থানকারী দেশে) প্রমাণক; এবং

৫. অধিক মূল্য সংযোজন সম্পন্ন পণ্য (Higher Value Added Product) আমদানীর প্রমাণক (প্রযোজ্য ক্ষেত্রে):

৪। অনলাইনে আবেদন ফরম পূরণের জন্য www.probashi.gov.bd ওয়েব সাইটে প্রবেশ করে প্রয়োজনীয় নির্দেশনা অনুযায়ী আবেদনপত্র পূরণ ও প্রয়োজনীয় সংযুক্তিসহ ০২ (দুই) সেট জমা প্রদান করতে হবে।

৫। ক্যাটাগরি ভিত্তিক আবেদনের নির্ধারিত ফরম এবং বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (অনিবাসী বাংলাদেশি) নীতিমালা-২০১৮ এর কপি প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ওয়েব সাইট www.probashi.gov.bd এ পাওয়া যাবে।

৬। নির্ধারিত সময় (১৫ নভেম্বর, ২০২০ তারিখ) এর পর দাখিলকৃত আবেদন বাতিল বলে বিবেচিত হবে।

৭। অসম্পূর্ণ এবং ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।

৮। কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যাতিরেকে যে কোন আবেদন কিংবা এতদসংক্রান্ত সকল কার্যক্রম বাতিল/স্থগিত করার অধিকার সংরক্ষণ করেন।

০৮/০৭/২০২০

(কাঞ্চন বিকাশ দত্ত)
সহকারী সচিব
ফোন-৪১০৩০২৬২
Email-aswelfare1@probashi.gov.bd

6/৮

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ডিসেম্বর ১২, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

কল্যাণ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ০৫ অগ্রহায়ণ ১৪২৫ বঙ্গাব্দ/১৯ নভেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (অনিবাসী বাংলাদেশি) নির্বাচন নীতিমালা, ২০১৮

নং ৪৯.০০.০০০০.০২৪.০০.০২৮.১৮.৯২৮—যেহেতু, বাংলাদেশের বৈদেশিক মুদ্রা রিজার্ভের একটি উল্লেখযোগ্য অংশ অনিবাসী বাংলাদেশিদের প্রেরিত অর্থ হইতে অর্জিত হয়; এবং

যেহেতু, দেশের অর্থনীতিতে তাঁহাদের এই গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতিস্বরূপ সরকার প্রতিবৎসর অনিবাসী বাংলাদেশিদের মধ্য হইতে গুরুত্বপূর্ণ অনিবাসী বাংলাদেশিগণকে (Important Non Resident Bangladeshi) বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (অনিবাসী বাংলাদেশি) নির্বাচনের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

সেহেতু, উক্ত উদ্দেশ্য পূরণকল্পে সরকার এতদ্দ্বারা নিম্নরূপ নীতিমালা (Policy) প্রণয়ন করিল, যথা :—

১। শিরোনাম।—এই নীতিমালা বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (অনিবাসী বাংলাদেশি) নির্বাচন নীতিমালা, ২০১৮ নামে অভিহিত হইবে।

২। বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (অনিবাসী বাংলাদেশি) এর শ্রেণিবিন্যাস ও সংখ্যা।—বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (অনিবাসী বাংলাদেশি) অতঃপর সিআইপি (এনআরবি) বলিয়া উল্লিখিত, নির্বাচনের শ্রেণিবিন্যাস ও সংখ্যা হইবে নিম্নরূপ, যথা :—



মূল্য : টাকা ৮.০০

7/12

| ক্রঃ নং | সিআইপি (এনআরবি) নির্বাচনের শ্রেণিবিন্যাস | সংখ্যা |
|---|---|---|
| (১) | বাংলাদেশে শিল্পক্ষেত্রে সরাসরি বিনিয়োগকারী অনিবাসী বাংলাদেশি | সর্বোচ্চ ০৫ জন |
| (২) | বাংলাদেশে বৈধ চ্যানেলে সর্বাধিক বৈদেশিক মুদ্রা প্রেরণকারী অনিবাসী বাংলাদেশি | সর্বোচ্চ ৭৫ জন |
| (৩) | বিদেশে বাংলাদেশি পণ্যের আমদানিকারক অনিবাসী বাংলাদেশি | সর্বোচ্চ ১০ জন |

৩। সিআইপি (এনআরবি) [বাংলাদেশে শিল্পক্ষেত্রে সরাসরি বিনিয়োগকারী] নির্বাচনের যোগ্যতা।—বাংলাদেশে শিল্পক্ষেত্রে সরাসরি বিনিয়োগকারী সিআইপি (এনআরবি) নির্বাচনের ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্ণায়কগুলি বিবেচনা করা হইবে, যথা :—

(১) বিবেচ্য বৎসরের জন্য পূর্ববর্তী অর্থ বৎসরে অনিবাসী বাংলাদেশি কর্তৃক বাংলাদেশের শিল্পখাতে সরাসরি বিনিয়োগের পরিমাণ;

(২) শিল্পখাতে মূলধন হিসাবে ০৩ (তিন) লক্ষ মার্কিন ডলার সমপরিমাণ বা তদূর্ধ্ব পরিমাণ বৈদেশিক মুদ্রা বিনিয়োগ; এবং

(৩) শিল্প প্রতিষ্ঠানটি বাস্তবায়নাধীন হইলে যন্ত্রপাতি প্রেরণের প্রমাণপত্র যেমন-বিল অব ল্যাডিং, বিল অব এন্ট্রি, লেটার অব ক্রেডিট ইত্যাদিতে উল্লিখিত বৈদেশিক মুদ্রার লেনদেনের পরিমাণ।

৪। সিআইপি (এনআরবি) [বাংলাদেশে বৈধ চ্যানেলে সর্বাধিক বৈদেশিক মুদ্রা প্রেরণকারী] নির্বাচনের যোগ্যতা।—বাংলাদেশে বৈধ চ্যানেলে সর্বাধিক বৈদেশিক মুদ্রা প্রেরণকারী সিআইপি (এনআরবি) নির্বাচনের ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্ণায়কগুলি বিবেচনা করা হইবে, যথা :—

(১) বিবেচ্য বৎসরের জন্য পূর্ববর্তী অর্থ বৎসরে বাংলাদেশে বৈধ চ্যানেলে প্রেরিত অপ্রত্যাবাসনযোগ্য বৈদেশিক মুদ্রার পরিমাণ; এবং

(২) অপ্রত্যাবাসনযোগ্য ন্যূনতম ১,০০,০০০ (এক লক্ষ) মার্কিন ডলার সমপরিমাণ বৈদেশিক মুদ্রা ব্যাংকসহ অন্যান্য বৈধ চ্যানেলের মাধ্যমে বাংলাদেশে প্রেরণ।

৫। সিআইপি (এনআরবি) [বিদেশে বাংলাদেশি পণ্যের আমদানিকারক] নির্বাচন যোগ্যতা।—বিদেশে বাংলাদেশি পণ্যের আমদানিকারক সিআইপি (এনআরবি) নির্বাচনের ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্ণায়কগুলি বিবেচনা করা হইবে, যথা :—

(১) বিবেচ্য বৎসরের জন্য পূর্ববর্তী অর্থ বৎসরে উক্ত অনিবাসী বাংলাদেশি কর্তৃক বাংলাদেশ হইতে যে পরিমাণ অর্থের পণ্য আমদানি করা হইয়াছে উহার পরিমাণ;

(২) বিবেচ্য বৎসরে ন্যূনতম ০৩ (তিন) লক্ষ মার্কিন ডলার সমপরিমাণ বৈদেশিক মুদ্রার Free on Board (FOB) বাংলাদেশি পণ্য আমদানি করিতে হইবে।

(৩) পিআরসি (Proceeds Realisation Certificate) এর মাধ্যমে আমদানির পরিমাণ; এবং

(৪) অধিক মূল্য সংযোজন সম্পন্ন পণ্য (Higher Value Added Product) ও পণ্য আমদানিকারককে অগ্রাধিকার প্রদান।

৬। সিআইপি (এনআরবি) নির্বাচনের অযোগ্যতা।—নিম্নবর্ণিত ক্ষেত্রে কোন ব্যক্তি সিআইপি (এনআরবি) হিসাবে নির্বাচিত হইবার অযোগ্য বলিয়া বিবেচিত হইবেন, যথা :—

(১) সিআইপি (এনআরবি) হিসাবে নির্বাচিত হইবার জন্য আবেদনকারী ঋণখেলাপী হইলে; অথবা

(২) বৈদেশিক ক্রেতার সঙ্গে বাণিজ্য বিরোধ (বাণিজ্য বিরোধ সংক্রান্ত তথ্য বাণিজ্য মন্ত্রণালয় সরবরাহ করিবে) থাকিলে এবং আবেদনকারী উক্ত বিরোধ সমাধানে আগ্রহী না হইলে বা দীর্ঘসূত্রিতার পন্থা অবলম্বন করিলে; অথবা

(৩) আবেদনকারী আদালত কর্তৃক সাজাপ্রাপ্ত হইলে এবং সাজা ভোগ করিবার পর পাঁচ বৎসর সময় অতিবাহিত না হইলে কিংবা অন্য কোন কারণে অবাঞ্ছিত ব্যক্তি হিসাবে বিবেচিত হইলে; অথবা

(৪) সিআইপি (এনআরবি) হিসাবে নির্বাচিত হইবার জন্য আবেদনকারী ভুল তথ্য প্রদান করিলে এবং যদি উক্ত ভুল প্রমাণিত হয় তাহা হইলে কোন ব্যক্তি সিআইপি (এনআরবি) হিসাবে নির্বাচিত হইয়া থাকিলেও তাহা বাতিল বলিয়া গণ্য হইবে এবং ইহা ছাড়াও তিনি ভবিষ্যতে সিআইপি (এনআরবি) হিসাবে নির্বাচিত হইবার জন্য আবেদন করিতে পারিবেন না; অথবা

(৫) আবেদনকারীর বাংলাদেশে Tin/E-Tin না থাকিলে এবং তিনি করখেলাপী হইলে।

৭। সিআইপি (এনআরবি) নির্বাচনের প্রক্রিয়া।—প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় ২ (দুই)টি কমিটির মাধ্যমে সিআইপি (এনআরবি) নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন করিবে :

(ক) প্রাথমিক বাছাই কমিটি :

| ক্রঃ নং | কর্মকর্তার পদবি ও কর্মস্থল | কমিটির পদ |
|---|---|---|
| ০১ | অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (অভিবাসী কল্যাণ), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | সভাপতি |
| ০২ | জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো এর প্রতিনিধি | সদস্য |
| ০৩ | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের প্রতিনিধি | সদস্য |
| ০৪ | উপসচিব (কল্যাণ), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য |
| ০৫ | সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (কল্যাণ), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য-সচিব |

প্রাথমিক বাছাই কমিটি প্রাপ্ত আবেদনপত্র পরীক্ষা-নিরীক্ষাপূর্বক তালিকা প্রস্তুত করিয়া প্রাথমিকভাবে বাছাইকৃত তালিকাভুক্ত আবেদনকারী সম্পর্কে অনাপত্তি/মতামতের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়, জাতীয় রাজস্ব বোর্ড ও সংশ্লিষ্ট বিদেশস্থ বাংলাদেশ মিশনে এবং ঋণ খেলাপী/হুন্ডি সংক্রান্ত/বাণিজ্য বিরোধ সংক্রান্ত অভিযোগ সম্পর্কিত তথ্যের জন্য বাণিজ্য মন্ত্রণালয় ও বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করিবে।

(খ) চূড়ান্ত বাছাই কমিটি :

| ক্রঃ নং | কর্মকর্তার পদবি ও কর্মস্থল | কমিটির পদ |
|---|---|---|
| ০১ | সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | সভাপতি |
| ০২ | অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (অভিবাসী কল্যাণ), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য |
| ০৩ | মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো | সদস্য |
| ০৪ | মহাপরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড | সদস্য |
| ০৫ | স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর যুগ্মসচিব পদমর্যাদার একজন কর্মকর্তা | সদস্য |
| ০৬ | পররাষ্ট্র মন্ত্রণালয় এর মহাপরিচালক পদমর্যাদার একজন কর্মকর্তা | সদস্য |
| ০৭ | বাণিজ্য মন্ত্রণালয় এর যুগ্মসচিব পদমর্যাদার একজন কর্মকর্তা | সদস্য |
| ০৮ | বাংলাদেশ ব্যাংক এর ডিজিএম পদমর্যাদার একজন কর্মকর্তা | সদস্য |
| ০৯ | জাতীয় রাজস্ব বোর্ড এর কমিশনার পদমর্যাদার একজন কর্মকর্তা | সদস্য |
| ১০ | বিনিয়োগ বোর্ড এর পরিচালক পদমর্যাদার একজন কর্মকর্তা | সদস্য |
| ১১ | উপসচিব (কল্যাণ), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য-সচিব |

চূড়ান্ত বাছাই কমিটি সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/বিদেশস্থ বাংলাদেশ মিশন হইতে প্রাপ্ত মতামত/অনাপত্তি/তথ্যাদির ভিত্তিতে সিআইপি (এনআরবি) নির্বাচনের লক্ষ্যে আবেদনকারীর চূড়ান্ত তালিকা প্রণয়ন করিবে।

প্রশাসনিক মন্ত্রণালয় চূড়ান্ত বাছাই কমিটি কর্তৃক প্রণীত তালিকা মন্ত্রিপরিষদ বিভাগের সুপারিশ গ্রহণের লক্ষ্যে প্রেরণ করিবে। অতঃপর মন্ত্রিপরিষদ বিভাগের সুপারিশসহ সিআইপি (এনআরবি) নির্বাচনে মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ অনুমোদন গ্রহণ করিবে। অতঃপর নির্বাচিত সিআইপি (এনআরবি) এর প্রজ্ঞাপন জারির উদ্যোগ গ্রহণ করিবে।

৮। **সিআইপি (এনআরবি) নির্বাচনের বিজ্ঞাপন প্রকাশ।**—(১) বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে এবং বাংলাদেশের প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় বিজ্ঞাপন প্রকাশের মাধ্যমে সিআইপি (এনআরবি) নির্বাচনের জন্য আবেদনপত্র আহবান করিতে হইবে।

(২) উক্ত বিজ্ঞাপন এ মন্ত্রণালয়, বিএমইটি, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহের ওয়েবসাইটে প্রচার করিতে হইবে।

৯। **সিআইপি (এনআরবি) নির্বাচিত হইবার জন্য আবেদন।**—অনুচ্ছেদ ৩, ৪ এবং ৫নং অনুচ্ছেদে বর্ণিত সিআইপি (এনআরবি) [বাংলাদেশে শিল্পক্ষেত্রে সরাসরি বিনিয়োগকারী/বাংলাদেশে বৈধ চ্যানেলে সর্বাধিক বৈদেশিক মুদ্রা প্রেরণকারী/বিদেশে বাংলাদেশি পণ্যের আমদানিকারক] নির্বাচিত হইবার জন্য—

১০/১২

(১) বিজ্ঞাপনে নির্ধারিত তারিখের মধ্যে আগ্রহী আবেদনকারীগণকে নির্ধারিত ফরমে বা অনলাইনে আবেদন দাখিল করিতে হইবে; এবং

(২) আবেদনকারীগণ অনলাইনে আবেদন দাখিলের পর উক্ত আবেদনের ০২ (দুই) সেট হার্ডকপি সরাসরি এ মন্ত্রণালয়ে/বিদেশস্থ বাংলাদেশ মিশনে প্রেরণ করিবে।

১০। সিআইপি (এনআরবি) নির্বাচন ক্যালেন্ডার।—নিম্নবর্ণিত ক্যালেন্ডার মোতাবেক সিআইপি (এনআরবি) নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন করা হইবে :

| ক্রঃ নং | কার্যক্রমের বিবরণ | সময়সূচি |
|---|---|---|
| ০১ | বিজ্ঞপ্তি প্রচার, দরখাস্ত আহবান ও গ্রহণ | ১-৩০ সেপ্টেম্বর |
| ০২ | প্রাথমিক বাছাই কমিটি কর্তৃক বাছাই প্রক্রিয়া সম্পন্নকরণ | ০১-২০ অক্টোবর |
| ০৩ | প্রাথমিকভাবে বাছাইকৃত তালিকাভুক্ত আবেদনকারী সম্পর্কে অনাপত্তি/মতামতের জন্য ক্ষেত্রমত স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ ব্যাংক, জাতীয় রাজস্ব বোর্ড এবং সংশ্লিষ্ট বাংলাদেশ মিশনের নিকট প্রেরণ | ২১-৩১ অক্টোবর |
| ০৪ | স্বরাষ্ট্র মন্ত্রণালয়, জাতীয় রাজস্ব বোর্ড, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ ব্যাংক ও সংশ্লিষ্ট বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ হইতে অনাপত্তি/মতামত প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ে প্রেরণ | ১-৩০ নভেম্বর |
| ০৫ | এ মন্ত্রণালয় কর্তৃক নির্বাচন প্রক্রিয়া চূড়ান্তকরণ এবং সুপারিশ গ্রহণের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ | ১-১৫ ডিসেম্বর |
| ০৬ | মন্ত্রিপরিষদ বিভাগের সুপারিশ গ্রহণ | ১৬-৩১ ডিসেম্বর |
| ০৭ | সিআইপি (এনআরবি) নির্বাচনে মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ অনুমোদন গ্রহণ | ১-১৫ জানুয়ারী |
| ০৮ | নির্বাচিত সিআইপি (এনআরবি) তালিকার প্রজ্ঞাপন জারিকরণ | ১৬-৩১ জানুয়ারী |

১১। নির্বাচিত সিআইপি (এনআরবি) এর তালিকার প্রজ্ঞাপন প্রকাশ।—(১) নির্বাচিত সিআইপি (এনআরবি) এর তালিকা প্রজ্ঞাপন জারির মাধ্যমে প্রকাশ করা হইবে।

(২) নির্বাচিত সিআইপি (এনআরবি) কে প্রদত্ত সুযোগ-সুবিধার মেয়াদ প্রজ্ঞাপন জারির তারিখ হইতে ০২ (দুই) বৎসরের জন্য কার্যকর থাকিবে।

১২। সিআইপি (এনআরবি) নির্বাচনের অন্যান্য বিষয়।—(১) সিআইপি (এনআরবি) এর নির্বাচনের প্রাথমিক তালিকা প্রস্তুত করিবার পর স্বরাষ্ট্র মন্ত্রণালয়, জাতীয় রাজস্ব বোর্ড, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ ব্যাংক ও বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ হইতে অনাপত্তি/মতামত গ্রহণ করিতে

হইবে তবে এক মাসের মধ্যে চাহিত অনাপত্তি/মতামত পাওয়া না গেলে সিআইপি হইবার জন্য সংশ্লিষ্ট আবেদনকারীর বিরুদ্ধে কোন আপত্তি নাই বলিয়া গণ্য করা হইবে।

(২) কোন অনিবাসী বাংলাদেশি একই সাথে একাধিক ক্যাটাগরীতে সিআইপি (এনআরবি) নির্বাচিত হইয়া থাকিলে তাঁহার ইচ্ছা অনুযায়ী তিনি যে কোন একটির জন্য নির্বাচিত হইবেন।

(৩) সিআইপি (এনআরবি) এর পরিচয়পত্রের মেয়াদ উত্তীর্ণ হইবার পর উহা এক সপ্তাহের মধ্যে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়/সংশ্লিষ্ট বিদেশস্থ বাংলাদেশ মিশনে জমা দিতে হইবে।

১৩। নির্বাচিত সিআইপি (এনআরবি) এর প্রাপ্য সুযোগ-সুবিধা।—(১) নির্বাচিত সিআইপি (এনআরবি) কে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় হইতে সরকার অনুমোদিত পরিচয়পত্র প্রদান করা হইবে।

(২) সিআইপি (এনআরবি) তাঁহার পরিচয়পত্রের মেয়াদকালীন সময়ে বাংলাদেশ সচিবালয়ে প্রবেশের জন্য প্রবেশপত্র পাইবেন।

(৩) সিআইপি (এনআরবি) সরকার কর্তৃক নিয়োজিত সংশ্লিষ্ট বিষয়ক নীতি নির্ধারণী কমিটিতে সদস্য হিসেবে অন্তর্ভুক্ত হইবার ক্ষেত্রে যোগ্য বলিয়া বিবেচিত হইতে পারিবেন।

(৪) দেশে ও বিদেশে উচ্চপদস্থ কর্মকর্তাদের সংগে বৈঠকে সিআইপি (এনআরবি) অগ্রাধিকার পাইবেন।

(৫) সিআইপি (এনআরবি) বিজয় দিবস, স্বাধীনতা ও জাতীয় দিবস, ঈদ-উল-ফিতর, ঈদ-উল-আযহা, একুশে ফেব্রুয়ারী, আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, আন্তর্জাতিক অভিবাসী দিবস ইত্যাদি গুরুত্বপূর্ণ দিবস উপলক্ষে বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে আমন্ত্রিত হইবেন।

(৬) ব্যবসা সংক্রান্ত ভ্রমণে বিমান, রেল, সড়ক ও জলযানে আসন সংরক্ষণের ক্ষেত্রে সিআইপি (এনআরবি) অগ্রাধিকার পাইবেন।

(৭) সিআইপি (এনআরবি) তাঁহার নিজ স্ত্রী, পুত্র, কন্যা ও নিজের চিকিৎসার জন্য সরকারি হাসপাতালে কেবিন সুবিধা প্রাপ্তিতে অগ্রাধিকার পাইবেন।

(৮) সিআইপি (এনআরবি) বাংলাদেশে বিনিয়োগ করিলে বিদেশি বিনিয়োগকারীদের অনুরূপ সুযোগ-সুবিধা পাইবেন এবং তাঁহার বিনিয়োগ Foreign Private Investment (Promotion and Protection) Act, 1980 (Act No. XI of 1980) এর বিধান অনুসারে সংরক্ষণ করা হইবে।

(৯) সিআইপি (এনআরবি) বিমান বন্দরে ভিআইপি লাউঞ্জ-২ ব্যবহার এবং স্পেশাল হ্যান্ডলিং এর সুবিধা পাইবেন।

(১০) সিআইপি (এনআরবি) বাংলাদেশে উপস্থিত থাকিলে বিভিন্ন জাতীয় অনুষ্ঠানে এবং সিটি কর্পোরেশন কর্তৃক আয়োজিত নাগরিক সংবর্ধনায় আমন্ত্রণ পাইবেন।

১৪। **সিআইপি (এনআরবি) সম্পর্কিত সুযোগ-সুবিধা প্রত্যাহার**।—সরকার সরকারি গেজেটে প্রজ্ঞাপন জারির মাধ্যমে, কোন কারণ প্রদর্শন ব্যতীত, কোন ব্যক্তিকে প্রদত্ত সিআইপি (এনআরবি) সুযোগ-সুবিধা প্রত্যাহার করিতে পারিবে।

১৫। ইতিপূর্বে জারীকৃত সিআইপি নির্বাচন সংক্রান্ত প্রজ্ঞাপন নং ৪৯.০০.০০০০.২০১.০৩৭.১৪-১৪৪, তারিখ : ০৭ মে, ২০১৫ এতদ্দ্বারা বাতিল করা হইল। তবে পূর্ববর্তী নীতিমালার আলোকে চলমান কার্যক্রম উক্ত নীতিমালা অনুযায়ী সম্পন্ন করিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**কাঞ্চন বিকাশ দত্ত**
সহকারী সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd